




প্রতিদিন অন্ত একবার বোর্ডের Web  
site : [www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)  
ভিজিট করুন।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
পরীক্ষা নিয়ন্ত্রক বিভাগ (শর্টকোর্স শাখা)  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
[www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)



স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৪.৩৩.০০১.২১.

তারিখ : ০৭-০৩-২০২১ খ্রিঃ

**জাতীয় দক্ষতামান বেসিক সার্টিফিকেট কোর্স ৩৬০ ঘন্টা (৩ ও ৬ মাস) মেয়াদি কোর্সের পরীক্ষার উত্তরপত্র পরীক্ষণ, নিরীক্ষণ এবং প্রধান পরীক্ষকগণের অন-লাইনে ফরম পূরণ বিজ্ঞপ্তি।**

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন জাতীয় দক্ষতামান বেসিক সার্টিফিকেট কোর্স ৩৬০ ঘন্টা (৩ ও ৬ মাস) মেয়াদি কোর্সের পরীক্ষা সংক্রান্ত সকল কাজ যেমন-উত্তরপত্র পরীক্ষণ, নিরীক্ষণ এবং প্রধান পরীক্ষকের কার্য সুষ্ঠুভাবে ও সঠিক সময়ে সম্পাদনের লক্ষ্যে নিম্নে উল্লেখিত তথ্যাদি ০৮-০৩-২০২১ খ্রিঃ তারিখ হতে ১৩-০৩-২০২১ খ্রিঃ তারিখের মধ্যে অন-লাইনে ফরম পূরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য ইতোপূর্বে যারা ফরম পূরণ (অনলাইনে এন্ট্রি) করেছেন তাদেরকেও ফরম পূরণ (অনলাইনে এন্ট্রি) করতে হবে।

০১। উত্তরপত্র পরীক্ষক/নিরীক্ষক হওয়ার যোগ্যতা :

ক) সরকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে :

নূন্যতম সংশ্লিষ্ট ট্রেডে ১ বছরের শিক্ষকতায় অভিজ্ঞতাসহ জুনিয়র ইন্সট্রাক্টর হতে হবে।

খ) বেসরকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে :

সংশ্লিষ্ট ট্রেড/টেকনোলজিতে ১ বছরের শিক্ষকতায় অভিজ্ঞতাসহ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং/সমমান পাশ হতে হবে অথবা স্নাতক/সমমান পাশসহ সংশ্লিষ্ট ট্রেডে ০৬ মাস মেয়াদি বেসিক ট্রেড কোর্স (৩৬০ ঘন্টা মেয়াদি) নূন্যতম A গ্রেডে উত্তীর্ণ হতে হবে।

০২। প্রধান পরীক্ষক হওয়ার যোগ্যতা :

ক) সরকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে :

সংশ্লিষ্ট ট্রেডে চীফ ইন্সট্রাক্টর (সহকারি অধ্যাপক সমমান) পদে কর্মরত অথবা ইন্সট্রাক্টর পদে (১ম শ্রেণি পদমর্যাদা) নূন্যতম ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পরীক্ষক/নিরীক্ষক হিসেবে ৫ (পাঁচ) বছরের কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।

খ) বেসরকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে :

ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং/সমমান পাশসহ নূন্যতম সংশ্লিষ্ট টেকনোলজি/ট্রেডে ১০ (দশ) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে এবং নূন্যতম ০৫ (পাঁচ) বছর বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এ কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে অথবা স্নাতক/সমমান পাশসহ (০৬ মাস মেয়াদি সংশ্লিষ্ট ট্রেডের বেসিক ট্রেড কোর্সে A গ্রেডে উত্তীর্ণ হতে হবে) নূন্যতম সংশ্লিষ্ট টেকনোলজি/ট্রেডে ১০ (দশ) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা এবং নূন্যতম ০৫ (পাঁচ) বছর বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এ কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।

০৩। পরীক্ষক/নিরীক্ষক এবং প্রধান পরীক্ষক হওয়ার ক্ষেত্রে যে সকল তথ্যাদি প্রয়োজন :

ক) সরকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে :

সোনালী ব্যাংক এর অনলাইন হিসাব নম্বর, মোবাইল নম্বর ও কর্মক্ষেত্রে যোগদানের তারিখ ফরম পূরণের ক্ষেত্রে প্রয়োজন হবে এবং বোর্ডে কাজের সময় (উত্তরপত্র পরীক্ষক/নিরীক্ষক/প্রধান পরীক্ষক) প্রতিষ্ঠান প্রধানের সুপারিশপত্রসহ অন্যান্য তথ্যাদি বোর্ডে জমা দিতে হবে।

খ) বেসরকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে :

নিয়োগপত্র, যোগদানপত্র, ন্যাশনাল আইডি কার্ড (NID), শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি, সোনালী ব্যাংকের অনলাইন হিসাবের নম্বর ১৩ সংখ্যার, মোবাইল নম্বর ফরম পূরণের ক্ষেত্রে প্রয়োজন হবে এবং বোর্ডে কাজের সময় (উত্তরপত্র পরীক্ষক/নিরীক্ষক/প্রধান পরীক্ষক) প্রতিষ্ঠান প্রধানের সুপারিশপত্রসহ অন্যান্য তথ্যাদি বোর্ডে জমা দিতে হবে। উল্লেখিত সকল তথ্য ইতোপূর্বে যারা জমা দিয়েছেন তাদের পুনরায় জমা দেয়ার প্রয়োজন নেই।

ছক :

| ক্রমিক<br>নং | শিক্ষকের<br>নাম | পদবী | শিক্ষাগত<br>যোগ্যতা | সোনালী ব্যাংকের অন-লাইন<br>একাউন্ট নম্বর দিতে হবে।<br>(অবশ্যই ১৩ ডিজিট একাউন্ট<br>নম্বর বসাতে হবে) | মোবাইল<br>নম্বর | ভোটার<br>আইডি<br>নম্বর | পরীক্ষা সংক্রান্ত যে কর্মকাণ্ডে<br>আগ্রহী (পরীক্ষক/নিরীক্ষক/<br>প্রধান পরীক্ষক) | পাসপোর্ট<br>আকারের<br>ছবি | স্বাক্ষর |
|--------------|-----------------|------|---------------------|--|-----------------|------------------------|---|---------------------------|----------|
|              |                 |      |                     |  |                 |                        |   |                           |          |
|              |                 |      |                     |  |                 |                        |   |                           |          |

২২/০৩/২০

(প্রকৌশলী মোঃ আবদুর রহমান)

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

ঢাকা-১২০৭

ফোন : ০২-৫৫০০৬৫২৫, ০১৭১৪০৭৫৮৩৮

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৪.৩৩.০০১.২১. (৭)

তারিখ : ০৭-০৩-২০২১ খ্রিঃ

- ১। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।
- ৫। সহকারি প্রোগ্রামার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। সংশ্লিষ্ট নথি।

০৭/০৩/২০২১

(মোঃ সুলতান হোসেন)

উপ পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ০১৭১৫১০৮৫৪৯